বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর ১৭০৬

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী
এমএস ও পিএইচডি প্রোগ্রাম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) এর কোর্স ক্রেডিট পদ্ধতির অধীনে নিম্নলিখিত বিষয়ে এমএস ও পিএইচডি প্রোগ্রামে অটাম ২০১৯ টার্মে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। এমএস প্রোগ্রামের জন্য সাধারণত ৫ (পাঁচ) টার্ম এবং পিএইচডি প্রোগ্রামের জন্য সাধারণত ৯ (নয়) টার্ম (প্রতি টার্মে ১২ সপ্তাহ, প্রতি বৎসরে ৩ টার্ম) প্রযোজ্য হইবে।

১। বিষয়ঃ

এমএসঃ কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন; কৃষিবনায়ন ও পরিবেশ; সেচ ও পানি ব্যবস্থাপনা; এগ্রো-প্রসেসিং; কৃষিতত্ত্ব; বায়োটেকনোলজি; ফসল উদ্ভিদবিদ্যা; এনভাইরনমেন্টাল সায়েন্স; কীটতত্ত্ব; কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন; উদ্যানতত্ত্ব; উদ্ভিদ রোগতত্ত্ব; মৃত্তিকা বিজ্ঞান; বীজ বিজ্ঞান ও প্রযুক্তি; জেনেটিক্স অ্যান্ড ফিশ ব্রিডিং; অ্যানিম্যাল নিউট্রিশন; ডেয়রি সায়েন্স; পোল্ট্রি সায়েন্স; থেরিওজেনোলজি; প্যাথলজি; কৃষি অর্থনীতি।

পিএইচডিঃ কৃষিবনায়ন ও পরিবেশ; কৃষিতত্ত্ব; বায়োটেকনোলজি; ফসল উদ্ভিদবিদ্যা; কীটতত্ত্ব; কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন; উদ্যানতত্ত্ব; উদ্ভিদ রোগতত্ত্ব; মৃত্তিকা বিজ্ঞান; বীজ বিজ্ঞান ও প্রযুক্তি।

২। যোগ্যতা ও প্রার্থী নির্বাচন শর্তাবলীঃ

এমএস প্রোগ্রামের জন্যঃ

ক) প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম জিপিএ ৩.০০সহ (৪.০০ এর মধ্যে) কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রি অথবা ডিভিএম ডিগ্রি অথবা অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে জিপিএ ৩.০০ (৪.০০এর মধ্যে) বা দ্বিতীয় শ্রেণীসহ সমমানের ডিগ্রি থাকিতে হইবে।

খ) প্রার্থীদের এসএসসি, এইচএসসি এবং স্নাতক ডিগ্রিতে প্রাপ্ত জিপিএ/নম্বর এর ভিত্তিতে নির্বাচন করা হইবে। মোট ১০০ পয়েন্টের ভিত্তিতে মেধা অনুসারে প্রার্থী নির্বাচন করা হইবে যাহার মধ্যে স্নাতক ডিগ্রির জন্য ৬০ পয়েন্ট, এইচএসসি এর জন্য ২০ পয়েন্ট এবং এসএসসি এর জন্য ২০ পয়েন্ট নির্ধারিত থাকিবে। ভর্তির যোগ্যতা হিসেবে **কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে** ডিগ্রিধারী প্রার্থীর ন্যূনতম ৭০ পয়েন্ট থাকিতে হইবে। কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতি ব্যতিত (নম্বর পদ্ধতিতে) ডিগ্রিধারী প্রার্থীর নূন্যতম ৬৫ পয়েন্ট থাকিতে হইবে।

গ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে কোর্স **ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে** ডিগ্রিধারী প্রার্থীর কমপক্ষে ৬৫ পয়েন্ট এবং **নম্বর পদ্ধতিতে** ডিগ্রিধারী প্রার্থীর কমপক্ষে ৬০ পয়েন্ট থাকিতে হইবে। সরকারী বা আধাসরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত ও প্রাতিষ্ঠানিক বৃত্তিপ্রাপ্ত কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৬০ পয়েন্ট থাকিতে হইবে। কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতি ব্যতিত (নম্বর পদ্ধতিতে) ডিগ্রিধারী বৃত্তিপ্রাপ্ত প্রার্থীর ন্যূনতম ৫৫ পয়েন্ট থাকিতে হইবে।

ঘ) একজন প্রার্থী সর্বাধিক ৩ (তিন) টি বিভাগ ভর্তির জন্য পছন্দ করিতে পারিবেন। ভর্তি ইচ্ছুক বিভাগগুলি পছন্দের ক্রমানুসারে উল্লেখ করিতে হইবে।

ঙ) চাকুরীরত প্রার্থীদেরকে চাকুরীদাতার নিকট হইতে কোর্স ও গবেষণা চলাকালীণ সময়ের জন্য ছুটি/ডেপুটেশন মঞ্জুর করা হইবে এ মর্মে ছাড়পত্র দরখাস্তের সহিত সংযোজন করিতে হইবে।

পিএইচডি প্রোগ্রামের জন্যঃ

ক) কেবল মাত্র চাকুরীরত প্রার্থীগণ পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করিতে পারিবেন।

খ) প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম জিপিএ ৩.০০সহ (৪.০০ এর মধ্যে) স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে জিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) বা দ্বিতীয় শ্রেণীসহ সমমানের ডিগ্রি থাকিতে হইবে।

গ) স্বীকৃত বেসরকারী প্রতিষ্ঠান/এনজিওতে চাকুরীরত প্রার্থীদের কমপক্ষে ২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।

ঘ) একজন প্রার্থী সর্বাধিক ৩টি (তিন) বিভাগ ভর্তির জন্য পছন্দক্রমে উল্লেখ করিতে পারিবেন। ভর্তি ইচ্ছুক বিভাগগুলি পছন্দের ক্রমানুসারে উল্লেখ করিতে হইবে।

ঙ) প্রার্থীদের এসএসসি, এইচএসসি, স্নাতক এবং স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিতে প্রাপ্ত জিপিএ/নম্বর এর ভিত্তিতে নির্বাচন করা হইবে। মোট ১০০ পয়েন্টের ভিত্তিতে মেধা অনুসারে প্রার্থী নির্বাচন করা হইবে যাহার মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে প্রত্যেকটি ডিগ্রির জন্য ৩৫ পয়েন্ট করে মোট ৭০ এবং এইচএসসি ও এসএসসি ডিগ্রির প্রত্যেকটির জন্য ১৫ করে মোট ৩০ পয়েন্ট নির্ধারিত থাকিবে। ভর্তির যোগ্যতা হিসেবে **কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে** ডিগ্রিধারী প্রার্থীর ন্যূনতম ৭০ পয়েন্ট এবং **নম্বর পদ্ধতিতে** ডিগ্রিধারী প্রার্থীর কমপক্ষে ৬০ পয়েন্ট থাকিতে হইবে। সরকারী বা আধাসরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত ও প্রাতিষ্ঠানিক বৃত্তিপ্রাপ্ত কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৬৫ পয়েন্ট এবং নম্বর পদ্ধতিতে ডিগ্রিধারী বৃত্তিপ্রাপ্ত প্রার্থীর ন্যূনতম ৫৫ পয়েন্ট থাকিতে হইবে।

চ) চাকুরীরত প্রার্থীদেরকে চাকুরী দাতার নিকট হইতে কোর্স ও গবেষণা চলাকালীণ সময়ের জন্য ছুটি/ডেপুটেশন মঞ্জুর করা হইবে এ মর্মে ছাড়পত্র দরখাস্তের সহিত সংযোজন করিতে হইবে।

৩। পেমেন্টঃ

ক) বিজ্ঞাপন প্রচারের পর শিক্ষা শাখা হইতে ভর্তির আবেদন ফরম, ভর্তির নিয়মাবলী ও গ্র্যাজুয়েট ক্যাটালগ সংগ্রহ করা যাইবে অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrau.edu.bd হইতে আবেদন ফরম (Application Form) সংগ্রহ করা যাইবে। সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে অবস্থিত সোনালী ব্যাংক লিঃ এর হিসাব নং SND 0219636000036 এ অনলাইনে ৫০০ (পাঁচশত) টাকা জমা দিয়া জমা রশিদ আবেদনপত্রের সহিত সংযোজন করিতে হইবে।

খ) বিদেশী ছাত্র-ছাত্রীগণ সোনালী ব্যাংক লিঃ, বশেমুরকৃবি শাখা এর হিসাব নং SND 0219636000036 এ SWIFT CODE-BSONBDDH-WEB Routing No: 200330370 এর মাধ্যমে USD 20 (বিশ ডলার) জমা দিয়া জমারশিদ আবেদনপত্রের সহিত সংযোজন করিবেন।

যথাযথভাবে পুরণকৃত ভর্তির আবেদন ফরম অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের ডীন, গ্র্যাজুয়েট স্টাডিজ অফিসে জমা দিতে হইবে।

৪। দরখাস্তের সহিত সত্যায়িত নিম্নোক্ত কাগজপত্র/সনদের ফটোকপি দাখিল করিতে হইবে।

* ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি।
* এসএসসি, এইচএসসি, স্নাতক এবং স্নাতকোত্তর (পিএইচডি প্রোগ্রামের জন্য) ডিগ্রি পাসের সনদপত্র ও মার্কশীট/ট্রান্সক্রিপ্ট।
* বাংলাদেশী আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে.জাতীয় পরিচয়পত্র এবং বিদেশি আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে পাসপোর্টের ফটোকপি।
* সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান হইতে ডিগ্রি অর্জন করিয়াছেন তাহার প্রধানের নিকট হইতে প্রাপ্ত টেস্টিমোনিয়্যাল।
* টাকা জমাদানের রশিদ।
* অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি।
* অস্পষ্ট, অসম্পূর্ণ/ভুল তথ্যাদি সন্নিবেশিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৫। আবেদনপত্রের সহিত দাখিলকৃত সকল সনদ পত্রের মূলকপি ভর্তির সময় অবশ্যই দেখাইতে হইবে।

৬। অন্যান্য তথ্যাবলীঃ

ক) ভর্তি, কোর্স এবং পরীক্ষা পদ্ধতিসহ শিক্ষা বিষয়ক সকল তথ্য বশেমুরকৃবি গ্র্যাজুয়েট ক্যাটালগ হইতে জানা যাইবে।

খ) দরখাস্ত ০৯/০৭/২০১৯ তারিখ অফিস সময়ের মধ্যে ডীন, গ্র্যাজুয়েট স্টাডিজ অফিসে জমা দিতে হইবে। অস্পস্ট, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

গ) মেধার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের তালিকা **১৬/০৭/২০১৯** তারিখে বশেমুরকৃবি নোটিশ বোর্ডে প্রকাশ করা হইবে। নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তি **১৮/০৭/২০১৯** তারিখে অনুষ্ঠিত হইবে।

ঘ) নির্বাচিত প্রার্থীদের এমএস এবং পিএইচডি কোর্সে ভর্তির সময়ে ভর্তির জন্য প্রতি টার্মে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি সোনালী ব্যাংক, বশেমুরকৃবি শাখায় জমা দিতে হইবে।

ঙ) ছাত্রদের কোর্স নিবন্ধন ভর্তির সময় সম্পন্ন করিতে হইবে। ভর্তিকৃত ছাত্রদের ওরিয়েন্টেশন **২১/০৭/২০১৯** (পূর্বাহ্ন) তারিখ এবং ক্লাস **২১/০৭/২০১৯** তারিখ শুরু হইবে।

চ) কোন ছাত্র ক্লাস শুরু হওয়ার ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে ক্লাসে যোগদানে ব্যর্থ হইলে তাহার ভর্তি বাতিল বলিয়া গণ্য হইবে।

ছ) শিক্ষাকালীন সময়ে প্রত্যেক ছাত্র-ছাত্রীর ছাত্রাবাসে অবস্থান করা বাধ্যতামূলক। ছাত্রাবাস সম্পর্কিত সকল নিয়মকানুন প্রভোস্ট অফিস হইতে জানা যাইবে।

জ) বশেমুরকৃবি (এমএস ও পিএইচডি) শিক্ষা কার্যক্রমে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীগণ একযোগে অন্য কোন বিশ্ববিদ্যালয়ের/শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষাকার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবে না।

ঝ) প্রতি টার্মে বিভাগওয়ারী মেধার ভিত্তিতে উপযুক্ত সকল পিএইচডি ছাত্র-ছাত্রীকে মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে এবং উল্লেখযোগ্য সংখক এমএস ছাত্র-ছাত্রীকে মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হইবে। মেধাবৃত্তি ছাড়াও প্রতিযোগীতার ভিত্তিতে পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের (দেশি/বিদেশি) গ্র্যাজুয়েট রিসার্চ অ্যাসিস্ট্যান্টশিপ (GRA) প্রদান করা হইবে।

অতিরিক্ত রেজিস্ট্রার

ডীন, গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ